



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক : পনি/পিএ-৫৭০

২৫ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি.

বিষয় : শিক্ষার্থীদের কণ্ঠে ‘১৯৭১ সালে ৭ই মার্চ বঙ্গবন্ধু প্রদত্ত ঐতিহাসিক ভাষণ’ প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.৩১১.০৬.১২৪.২০-৫৭১(৫), তারিখ : ০৮ অক্টোবর, ২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক ১৯৭১ সালের ৭ই মার্চ প্রদত্ত ঐতিহাসিক ভাষণ জাতির ইতিহাসের একটি অন্যতম গুরুত্বপূর্ণ অধ্যায়। ঐতিহাসিক ভাষণটি ইউনেস্কো কর্তৃক ওয়ার্ল্ডস ডকুমেন্টারি হেরিটেজ-এর অংশ হিসেবে স্বীকৃতি লাভ করেছে। মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত পরিপত্র অনুযায়ী জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত দিবসটি উদ্‌যাপনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় নির্দেশ প্রদান করেছেন।

যশোর শিক্ষা বোর্ড এর আলোকে এ বোর্ডের অধীন সকল স্কুল-কলেজে ষষ্ঠ থেকে দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের অংশগ্রহণে গুপ্তভিত্তিক ভাষণটির ওপর প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনলাইনে প্রাপ্ত ভাষণগুলি যাচাইবাহাই করে গুপ্তভিত্তিক প্রাথমিক পর্বে নির্বাচিতদের নির্দিষ্ট সংখ্যক তালিকা প্রকাশ করা হবে। যশোর শিক্ষা বোর্ডে প্রাথমিক পর্বে নির্বাচিতদের চূড়ান্ত পর্বে বিচারকমণ্ডলীর সম্মুখে সরাসরি প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। চূড়ান্তপর্বে নির্বাচিতদের পুরস্কার ও সনদ প্রদান করা হবে।

এমতবস্থায়, আগামী ৭ মার্চ, ২০২১ খ্রি. রবিবার রাত ১২-০০ টার মধ্যে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী সকল স্কুল-কলেজে ষষ্ঠ থেকে দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের প্রদত্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ অডিও-সহ ভিডিও ধারণ করে অনলাইনে আপলোডের জন্য অনুরোধ করা হলো।

**বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ আপলোডের নিয়মাবলি :** যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)) ভিজিট করে, বামপাশের মেন্যুবার হতে ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ’ বাটনে ক্লিক করে, প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে লগইন করে, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ >Upload Video মেন্যুতে ক্লিক করে আপনার শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীর Student ID দিয়ে Next বাটনে ক্লিক করে, এরপর ভিডিও ফাইলটি (MP4 Format-এ) নির্বাচন করে, ভিডিও ফাইলটি সম্পূর্ণ আপলোড হলে Save বাটনে ক্লিক করে আপলোড-প্রক্রিয়া সম্পূর্ণ করুন।

প্রয়োজনে ফোন করুন : ০১৭২০-৫৮৯৫৩৫, ০১৯১২-২১৪১৮২, ০১৭২৭-৪৭০৭৮৩, ০১৭৩৪-৪২২৫৩৯, ০১৭১৫-৩০৬৬৩১

প্রাপক :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের অধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়

(প্রফেসর মাখব চন্দ্র রুদ্দ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ও

আহ্বায়ক

৭ মার্চ, ঐতিহাসিক ভাষণ দিবস উদ্‌যাপন কমিটি

সদয় অবগতির ও কার্যার্থে প্রেরিত :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়,
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫। উপ-পরিচালক, হিসাব ও নিরীক্ষা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। প্রধান মূল্যায়ন অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৭। উপ সচিব (প্রশাঃ ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা বোর্ড, যশোর, চেয়ারম্যান মহোদয়কে অবগতির জন্য
- ৯। সংরক্ষণ নথি